

বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তির আওতায় শুল্ক সুবিধা সম্পর্কিত গাইডবুক :

ভূমিকাঃ বাংলাদেশ বিশ্ব বাণিজ্য ব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার। বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর প্রতিষ্ঠাতা সদস্য দেশ হিসাবে এবং স্বল্পোন্নত দেশসমূহের মুখপাত্র হিসাবে উন্নত ও অগ্রগামী উন্নয়নশীল দেশগুলোর কাছ থেকে অনেক ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত ও কোটামুক্ত বাজার সুবিধা আদায় করেছে যা সাধারণভাবে জেনারেলাইজড সিস্টেম অব প্রিফারেন্স বা জিএসপি নামে পরিচিত। বাংলাদেশের রপ্তানিকারকগণ বর্তমানে মোট ৩৮ টি দেশে একতরফা (Unilateral) সুবিধার আওতায় শুল্কমুক্তভাবে রপ্তানির সুবিধাপ্রাপ্ত। তন্মধ্যে ইউরোপীয়ান ইউনিয়নভুক্ত (EU) ২৮টি দেশ, জাপান, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, নরওয়ে, চিলি অন্যতম। এসব দেশ থেকে প্রাপ্ত সুবিধার বিপরীতে বাংলাদেশকে ঐসব দেশ থেকে পণ্য আমদানিতে কোন প্রকার শুল্কছাড় দিতে হয় না। তাই সেসব দেশে বিনা শুল্কে বাংলাদেশের পণ্য রপ্তানি করা যায় যার সুযোগ রপ্তানিকারকগণ গ্রহণ করতে পারেন। এছাড়া কতিপয় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) এবং অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির (PTA) আওতায় বাংলাদেশের আমদানিকারক ও রপ্তানিকারকগণ চুক্তিভুক্ত অন্যান্য দেশে বাংলাদেশের পণ্য বিনা শুল্কে রপ্তানি করতে পারে কিংবা সেসব দেশের পণ্য বাংলাদেশে আমদানি করতে পারে। কিন্তু অভিজ্ঞতায় দেখা গেছে যে বাংলাদেশের আমদানিকারক ও রপ্তানিকারকগণের অধিকাংশ সদস্য সেসব চুক্তি সম্পর্কে তেমন অবগত নয়। অনেক ক্ষেত্রে তাদের প্রাথমিক ধারণা থাকলেও শুল্ক সুবিধা গ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ও প্রক্রিয়া সম্পর্কে সুষ্ঠু ধারণা না থাকায় তারা সম্ভাব্য সুযোগ কাজে লাগাতে পারেন না। তাতে করে একদিকে যেমন বাণিজ্য বৃদ্ধি যেভাবে হতে পারতো তা হয় না এবং অপরদিকে দেশের ভোক্তাসাধারণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তাই দেশের ব্যবসায়ীদেরকে আঞ্চলিক বাণিজ্য চুক্তির আওতায় বিদ্যমান সুবিধা সম্পর্কে অবহিত করার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক একটি গাইডলাইন প্রস্তুতের প্রয়োজনীয়তা অনুভূত হয়। আশা করা যায় এ গাইডবুকের মাধ্যমে সংশ্লিষ্ট সবাই উপকৃত হবেন।

বাংলাদেশের আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ :

বাংলাদেশ বর্তমানে ২টি মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি (FTA) এবং ৩টি অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (PTA) এর সদস্য।

মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি
(Free Trade Area Agreement)

অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি
(Preferential Trade Agreement)

মুক্ত বাণিজ্য চুক্তি
(FTA) বলতে দুই বা
ততোধিক দেশের মধ্যে
মুক্ত এলাকা গঠনকে
বুঝায় যেখানে পণ্যসমূহ
শুল্কমুক্তভাবে চলাচল
করে;
অগ্রাধিকারমূলক বাণিজ্য
চুক্তি (PTA) বলতে দুই বা
ততোধিক দেশের মধ্যে
চুক্তি যার মাধ্যমে
কতিপয় পণ্যের উপর
শুল্ক হার হ্রাস করা হয়ে

১. দক্ষিণ এশিয়া মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি
[South Asia Free Trade Area
(SAFTA) Agreement] ;
২. বে অফ বেঙ্গল ইনিসিয়েটিভ ফর মাল্টি-
সেক্টরাল টেকনিক্যাল এন্ড ইকনমিক কো-
অপারেশন মুক্ত বাণিজ্য চুক্তি
[Bay of Bengal Initiative for
Multi Sectoral Technical
and Economic Cooperation
Free Trade Agreement বা
BIMSTEC FTA]

১. এশিয়া-প্যাসিফিক বাণিজ্য চুক্তি [Asia Pacific
Trade Agreement (APTA)];
২. ওআইসিভুক্ত দেশসমূহের মধ্যে অগ্রাধিকারমূলক
বাণিজ্য চুক্তি (TPS-OIC বা Trade
Preferential Scheme among the
member states of the OIC)
৩. উন্নয়নশীল আটটি দেশের মধ্যে অগ্রাধিকারমূলক
বাণিজ্য চুক্তি (D- 8 PTA বা Developing-
8 Preferential Trading
Agreement) (এটি ৮টি বৃহৎ মুসলিম দেশের
মধ্যে চুক্তি)

উল্লেখ্য, বর্তমানে আঞ্চলিক মুক্ত বাণিজ্য এলাকা চুক্তির মধ্যে দক্ষিণ এশিয়া মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি (SAFTA) কার্যকর রয়েছে। অপরদিকে বে অফ বেঙ্গল ইনিসিয়েটিভ ফর মাল্টি-সেক্টরাল টেকনিক্যাল এন্ড ইকনমিক কো-অপারেশন (BIMSTEC) মুক্ত বাণিজ্য এলাকা চুক্তিটি এখনো কার্যকর হয়নি। তবে APTA, TPS-OIC এবং D-8 PTA বর্তমানে কার্যকর রয়েছে।

রুলস অফ অরিজিন (Rules of Origin):

রুলস অফ অরিজিন বলতে মূলতঃ পণ্যটি কোন দেশে তৈরি বা উৎপাদিত তা বুঝায়। আন্তর্জাতিক বাণিজ্যে রুলস অফ অরিজিন এর মাধ্যমে পণ্যের Country of Origin (CoO) নির্ধারিত হয়। এটি একটি সুনির্দিষ্ট নির্ণায়ক

(criteria) -এর মাধ্যমে নির্ধারণ করা হয়। Criteria হতে পারে Value Addition, Stage Transformation, HS Code Change কিংবা সেগুলোর সমন্বয়ে কোন hybrid ব্যবস্থা।

সাধারণত শিল্পজাত পণ্যের ক্ষেত্রে value addition criteria ব্যবহার করা হয়। এই criteria ভিন্ন ভিন্ন চুক্তিতে ভিন্ন ভিন্ন হয়ে থাকে।

আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ



দক্ষিণ এশিয়া মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি (SAFTA বা South Asia Free Trade Area)

সার্কভুক্ত সদস্য দেশসমূহের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ৪-৬ জানুয়ারি ২০০৪ তারিখে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে অনুষ্ঠিত দ্বাদশ সার্ক শীর্ষ সম্মেলনে দক্ষিণ এশিয়া মুক্ত বাণিজ্য এলাকা চুক্তি (সাফটা) স্বাক্ষরিত হয়। চুক্তিটি ১লা জানুয়ারী ২০০৬ তারিখ হতে কার্যকর হয়েছে। সার্কভুক্ত ৭টি দেশ যথা - বাংলাদেশ, ভুটান, ভারত, শ্রীলংকা, মালদ্বীপ, নেপাল ও পাকিস্তান সাফটার সদস্য হিসেবে কার্যক্রম শুরু করে। পরবর্তিতে ২০০৭ সালে ১৪তম সার্ক শীর্ষ সম্মেলনে আফগানিস্তানকে সাফটা চুক্তিতে নতুন সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করায় বর্তমানে এর সদস্য সংখ্যা ৮ এ দাড়িয়েছে।

সাফটার অধীনে আমদানি/রপ্তানির সুবিধাসমূহ :

- পাট ও পাটজাত পণ্য, চামড়া, সিরামিক, কৃষিজাত পণ্য, শিল্পজাত নানা ধরনের পণ্য।
- ভারতের মতো বৃহৎ অর্থনীতির দেশে শুধুমাত্র তামাক ও মদ জাতীয় ২৫টি পণ্য ব্যতীত সকল পণ্য শুল্ক মুক্ত সুবিধায় রপ্তানি করা যায়;
- ভারত ব্যতীত সাফটাভুক্ত অন্যান্য দেশসমূহে সেনসিটিভ তালিকাভুক্ত (**sensitive list**) পণ্য ব্যতীত অন্য সকল পণ্য শুল্ক মুক্ত সুবিধায় রপ্তানি করা যায়;
- রপ্তানি পণ্যের প্রয়োজনীয় কাঁচামাল শুল্ক মুক্ত সুবিধা বা কম শুল্ক হারে সাফটাভুক্ত দেশসমূহ হতে বাংলাদেশে আমদানি করা যায়;
- বাংলাদেশের **Sensitive List** এ অন্তর্ভুক্ত পণ্য বাদে অন্য সকল পণ্য সদস্য দেশসমূহ হতে শুল্কমুক্ত ভাবে আমদানি করা যায়।

সাফটার ট্রেড লিবারাইজড প্রোগ্রাম :

১ জুলাই ২০০৬ সাল হতে সাফটা চুক্তির আওতায় ট্রেড লিবারাইজেশন প্রোগ্রাম (টিএলপি) শুরু হয়েছে। সাফটার আওতায় সদস্য দেশসমূহে প্রদত্ত শুল্ক সুবিধার অধীনে পণ্য সংখ্যা ২০০৬ সাল হতে পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে। সাফটার আওতায় শুল্ক সুবিধায় বাংলাদেশে আমদানিতব্য পণ্যের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড (www.nbr.gov.bd) হতে প্রকাশিত গেজেটে পাওয়া যায়। এ সকল পণ্য আমদানির ক্ষেত্রে শুল্ক হার ০% হতে ৫%। তবে বেশিরভাগ পণ্যের ক্ষেত্রে ০% শুল্ক আরোপিত রয়েছে। সাফটার আওতায় বাংলাদেশ হতে অন্যান্য দেশে শুল্ক সুবিধায় রপ্তানির পণ্য তালিকার জন্য সংশ্লিষ্ট দেশের বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে।

সারণি ১ : সাফটাভুক্ত দেশসমূহে শুল্ক সুবিধা (Tariff Concession) পণ্যের সংখ্যা

দেশসমূহ	শুল্ক সুবিধায় (Tariff Concession) পণ্যের সংখ্যা	
	অ-স্বল্পোন্নত দেশসমূহ	স্বল্পোন্নত দেশসমূহ
আফগানিস্তান	৪,৪০০	৪,৪০০
বাংলাদেশ	৪,২১৭	৪,২২৮
ভূটান	৫,০৯৪	৫,০৯৪
ভারত	৪,৬৩৬	৫,২২৫
শ্রীলংকা	৪,২৮৭	৪,৪১৩
মালদ্বীপ	৫,০৯৬	৫,০৯৬
নেপাল	৪,২১৪	৪,২৫২
পাকিস্তান	৪,৩১৪	৪,৩১৪

উৎস: সার্ক ওয়েবসাইট (www.saarc.org)

সাফটা চুক্তি কার্যকরের তারিখ ১ জানুয়ারী ২০০৬ থেকেই প্রতিটি সদস্য দেশ তাদের সেনসিটিভ লিস্ট রেখেছে। তবে সাফটাভুক্ত প্রত্যেক দেশের সেনসিটিভ তালিকায় যে সমস্ত পণ্য রয়েছে তা আমদানিতে শুল্কমুক্ত সুবিধা পাওয়া যায় না এবং সেসব পণ্য আমদানিতে এমএফএন (MFN) হারে শুল্ক প্রদান করতে হয়। সদস্য দেশের সেনসিটিভ তালিকাভুক্ত পণ্য বাংলাদেশ বা অন্য সদস্য দেশ হতে রপ্তানির ক্ষেত্রে কোন শুল্ক সুবিধা পাওয়া যাবে না। ২০০৬ সালের পর পুনরায় ২০১২ সালে ফেজ-২ এর মাধ্যমে প্রত্যেক সদস্য দেশ সেনসিটিভ তালিকার পণ্য সংখ্যা হ্রাস করেছে। উল্লেখ্য, ভারত ৯ নভেম্বর ২০১১ তারিখ থেকে স্বল্পোন্নত দেশসমূহের (এলডিসি) জন্য সেনসিটিভ তালিকায় পণ্য সংখ্যা ৪৮০ থেকে কমিয়ে ২৫ করেছে। বর্তমানে ভারতের সেনসিটিভ তালিকায় শুধুমাত্র তামাক ও মদজাতীয় পণ্য রয়েছে। তবে অ-স্বল্পোন্নত দেশের (non-LDC) জন্য ভারতের সেনসিটিভ লিস্ট বেশ বৃহৎ। এছাড়া, মালদ্বীপ ও ভূটান এর সেনসিটিভ তালিকায় কম সংখ্যক পণ্য রয়েছে। বাংলাদেশের ২টি সেনসিটিভ তালিকা রয়েছে। অ-স্বল্পোন্নত দেশসমূহের (non-LDCs) জন্য ১০৩৩টি পণ্য ও স্বল্পোন্নত দেশসমূহের (LDCs) জন্য ১০২২টি পণ্য বাংলাদেশের সেনসিটিভ তালিকায় রয়েছে।

সারণি ২: সাফটার আওতায় সদস্য দেশসমূহের সেনসিটিভ তালিকায় পণ্যসমূহ (সর্বশেষ তালিকা মোতাবেক)

দেশসমূহ	শুল্ক যুক্ত (Duty Payable) পণ্যের সংখ্যা	
	অ-স্বল্পোন্নত দেশসমূহ	স্বল্পোন্নত দেশসমূহ
আফগানিস্তান	৮৫০	৮৫০
বাংলাদেশ	১০৩৩	১০২২
ভূটান	১৫৬	১৫৬
ভারত	৬১৪	২৫
শ্রীলংকা	৯৬৩	৮৩৭
মালদ্বীপ	১৫৪	১৫৪
নেপাল	১০৩৬	৯৯৮
পাকিস্তান	৯৩৬	৯৩৬

সাফটা রুলস অব অরিজিন:

Country of Origin (CoO) এর প্রমাণক (সার্টিফিকেট) সাফটাভুক্ত সদস্য দেশসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যু করা হয়। বাংলাদেশ হতে সাফটার অধীনে পণ্য রপ্তানিতে শুল্ক সুবিধা নেয়ার জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক CoO সার্টিফিকেট গ্রহণপূর্বক তা রপ্তানি কনসাইনমেন্ট এর সাথে আমদানিকারক প্রতিষ্ঠানকে প্রেরণ করতে হয় যাতে করে তারা পণ্য খালাসের সময় তা ব্যবহার করতে পারে।

সাফটার অধীনে **Wholly** ও **Non Wholly Obtained** পণ্য রপ্তানিতে শুল্ক সুবিধা নেয়ার জন্য ইপিবি এর নিকট হতে CoO সংগ্রহ করে রপ্তানি ডকুমেন্টের সাথে সংযুক্ত করে রুলস অব অরিজিন শর্ত পূরণ হয়। Non Wholly Obtained এর আওতায় পণ্য রপ্তানিতে রুলস অব অরিজিন এর শর্তানুযায়ী স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশকে মূল্য সংযোজন হার ৩০% সহ CTH (Change of Tariff Heading) শর্ত পূরণ করতে হয়। উদাহরণস্বরূপ, সাফটার আওতায় বাংলাদেশ হতে নেপালে টি-শার্ট (T-Shirt) রপ্তানির ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া সম্পন্ন করে শুল্ক সুবিধার আওতায় রপ্তানি করা সম্ভব। ধরা যাক টি-শার্ট তৈরির উপকরণ তুলা ৫২০১ Tariff Heading এর অধীনে ভারত হতে আমদানি করা হ'লো। বাংলাদেশের প্রস্তুতকারক প্রতিষ্ঠান তুলাসহ বিভিন্ন উপকরণ আমদানি ও ব্যবহার করে উৎপাদনের বিভিন্ন ধাপ সম্পন্ন করে টি-শার্টটি ৬২০৪ Tariff Heading এ নেপালে রপ্তানি করলো। ধরা যাক, বাংলাদেশ হতে প্রতি পিস টি-শার্ট-এর রপ্তানি মূল্য (FoB) ১০০/- টাকা যার মধ্যে উপকরণ বাবদ তুলাসহ অন্যান্য কাঁচামাল আমদানি বাবদ ৬০/= টাকা ব্যয় অর্ন্তভুক্ত রয়েছে। সুতরাং মূল্য সংযোজন হার হচ্ছে ৪০%। এক্ষেত্রে রপ্তানিকৃত পণ্যটির Tariff Heading- ৫২০১ হতে পরিবর্তন হয়ে ৬২০৪ হয়েছে। এক্ষেত্রে CTH পরিবর্তনসহ মূল্য সংযোজন হার ৩০% শর্ত পূরণ হচ্ছে বিধায় এ পণ্যটি (টি-শার্ট) সাফটা চুক্তির আওতায় শূণ্য বা কম শুল্ক সুবিধায় বাংলাদেশ হতে নেপালে রপ্তানি করা যাবে। অধিকন্তু, সাফটা চুক্তিতে ১৮৭টি পণ্যে Product Specific Rules of Origin (PSR) প্রযোজ্য রয়েছে। এক্ষেত্রে পণ্য রপ্তানিতে রুলস অব অরিজিন শর্তানুযায়ী বেশির ভাগ ক্ষেত্রে CTH এর শর্ত পূরণ করলেই শুল্ক সুবিধা পাওয়া যাবে।

সাফটা সুবিধা নেয়ার জন্য প্রয়োজনীয় সনদসমূহ:

বাংলাদেশ হতে রপ্তানির জন্য রুলস অফ অরিজিন এর শর্তানুযায়ী প্রমাণক হিসাবে Country of Origin (CoO) সনদ রপ্তানি উন্নয়ন বুরো (ইপিবি) হতে রপ্তানিকারককে গ্রহণ করতে হয়। আর সে সনদ পেতে প্রয়োজনীয় কাগজাদি দাখিল করতে হয় যার মাধ্যমে প্রমাণ করা যায় যে রুলস অব অরিজিন সংক্রান্ত শর্তাবলী পূরণ হয়েছে।

উৎসসমূহ:

সাফটার আওতায় বাংলাদেশসহ অন্যান্য দেশের পূর্ণাঙ্গ সেনসিটিভ তালিকার জন্য www.saarc-sec.org ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mincom.gov.bd, বাংলাদেশের ট্রেড পোর্টাল www.bangladeshtradeportal.gov.bd ভারতের বাণিজ্য মন্ত্রণালয় www.commerce.gov.in ও শ্রীলঙ্কার বাণিজ্য মন্ত্রণালয় www.commerce.gov.lk ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। তাছাড়া, WTO Tariff Analysis Online (TAO) এর <https://tao.wto.org/> ওয়েবসাইট অনুসরণ করে শুল্ক সুবিধার বিস্তারিত তথ্য পাওয়া যাবে। অধিকন্তু বাংলাদেশ ট্যারিফ কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগে যোগাযোগ করা যেতে পারে (www.btc.gov.bd)।

এশিয়া প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্ট (APTA)

UNESCAP (United Nations Economic and Social Commission for the Asia and Pacific) এর উদ্যোগে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ৭টি দেশ যথা বাংলাদেশ, ভারত, লাওস, দক্ষিণ কোরিয়া, শ্রীলঙ্কা, ফিলিপাইনস্ এবং থাইল্যান্ড মিলিত হয়ে ১৯৭৫ সালে ব্যাংকক চুক্তি (Bangkok Agreement) স্বাক্ষর করে। এটি একটি প্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি। এসকাপভুক্ত দেশসমূহের মধ্যে পারস্পরিক শুল্ক সুবিধা বিনিময়ের মাধ্যমে আন্তঃআঞ্চলিক বাণিজ্য সম্প্রসারণই এ চুক্তির মূল উদ্দেশ্য। কিন্তু উল্লিখিত ০৭(সাত)টি দেশের মধ্যে ফিলিপাইনস্ এবং থাইল্যান্ড পরবর্তীতে চুক্তিটি অনুসর্মথন করেনি। তবে ২০০১ সালে চীন এই চুক্তিতে স্বাক্ষরের মাধ্যমে যোগদান করে। এর ফলে চুক্তিটি নতুন গতি লাভ করে। চীন যোগদান করার পর তৃতীয় দফা নেগোসিয়েশন শুরু হয় এবং চুক্তির নাম পরিবর্তন করে এশিয়া-প্যাসিফিক ট্রেড এগ্রিমেন্ট (আপটা) নামকরণ করা হয়। এই চুক্তিতে মংগোলিয়ার যোগদানের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। মংগোলিয়ার যোগদানের ফলে এর সদস্য সংখ্যা ৮-এ দাঁড়াবে।

আপটার অধীনে আমদানি/রপ্তানির সুবিধাসমূহ :

- চীন ও দক্ষিণ কোরিয়ার মতো বৃহৎ অর্থনীতির দেশসহ সদস্য দেশসমূহে শুল্ক সুবিধার আওতায় পণ্য রপ্তানি করা যায়;
- আপটাভুক্ত দেশসমূহে বাংলাদেশ হতে বিভিন্ন হারের মার্জিন অব প্রেফারেন্স এর আওতায় অর্থাৎ হাসকৃত শুল্ক হারে পণ্য রপ্তানি করা যায়;
- বাংলাদেশে বিভিন্ন শিল্প খাতের প্রয়োজনীয় কাঁচামাল শুল্কমুক্ত সুবিধা বা কম শুল্কহারে সদস্য দেশসমূহ হতে আমদানি করা যায়;

আপটার শুল্ক সুবিধা বিনিময় (Exchange of Tariff Concessions):

আপটা সদস্যদেশসমূহে উল্লেখযোগ্য সংখ্যক পণ্যের উপর শুল্ক সুবিধা বিনিময় কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০০৬ সালে তৃতীয় রাউন্ড কার্যকর হওয়ার পর ৪,২৭০টি পণ্য হতে ২০১৭ সালে ৪র্থ রাউন্ড শেষে ১১,০০০ এর অধিক পণ্যে বিভিন্ন মাত্রার মার্জিন অফ প্রেফারেন্স কার্যকর হয়েছে। আপটাভুক্ত দেশসমূহ কর্তৃক শুল্ক সুবিধা প্রদত্ত পণ্য তালিকা নিম্নরূপ:

সারণি ৩: বিভিন্ন মার্জিন অব প্রেফারেন্স এর আওতায় পণ্য সংখ্যা

দেশসমূহ	শুল্ক সুবিধার পণ্য সংখ্যা			
	৩য় রাউন্ড		৪র্থ রাউন্ড	
	সাধারণ	বিশেষায়িত (স্বল্পোন্নত দেশ)	সাধারণ	বিশেষায়িত (স্বল্পোন্নত দেশ)
বাংলাদেশ	২০৯	-	৫৯৮	০৪
ভারত	৫৭০	৪৮	৩,১৪২	৪৮
চীন	১,৬৯৭	১৬১	২,১৯২	১৮১
লাওস	-	-	৯৯৯	-
দক্ষিণ কোরিয়া	১,৩৬৭	৩০৬	২,৭৯৭	৯৫১
শ্রীলংকা	৪২৭	৭২	৫৬৮	৭৫
মংগোলিয়া	-	-	-	-

উৎস: ইউএনএসসকাপ ওয়েবসাইট (www.unescap.org/apta)

উল্লেখ্য শুল্ক সুবিধার পণ্য সংখ্যা আরও বৃদ্ধির লক্ষে এ বছর (২০১৯ সাল) ৫ম রাউন্ড নেগোসিয়েশন শুরু হবে মর্মে আশা করা যাচ্ছে।

আপটা রুলস অব অরিজিন:

আপটা রুলস অব অরিজিন এর শর্তানুযায়ী স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশ ৩৫% হারে মূল্য সংযোজন করলেই শুল্কে নির্দিষ্ট হারে মার্জিন অব প্রেফারেন্স পাওয়া যাবে (আমদানিকারক দেশের তালিকা অনুযায়ী)। মূল্য সংযোজনের এই শর্ত পূরণ হলে রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে সদস্য দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পণ্যের Country of

Origin (CoO) সনদ ইস্যু করা হয়। বাংলাদেশ হতে আপটার অধীনে পণ্য রপ্তানির শুল্ক সুবিধা নেয়ার জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) CoO সার্টিফিকেট ইস্যু করে।

আপটা সুবিধা নেয়ার জন্য প্রয়োজনীয় সনদসমূহ :

বাংলাদেশ হতে রপ্তানির জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) হতে রপ্তানিকারককে CoO (Country of Origin) সনদ সংগ্রহ করে তা অন্যান্য রপ্তানি ডকুমেন্টের সাথে সংযুক্ত করতে হয়। তারপর আমদানিকারক সেগুলো সংশ্লিষ্ট দেশের কাস্টমস অথরিটির নিকট দাখিল করে শুল্ক সুবিধা দাবী করে।

উৎসসমূহ:

আপটার আওতায় বাংলাদেশসহ বিভিন্ন দেশের হ্রাসকৃত হারে শুল্ক সুবিধায়ুক্ত পণ্য তালিকা <http://www.unescap.org/apta> ওয়েবসাইট হতে সংগ্রহ করা যেতে পারে। এছাড়া বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mincom.gov.bd, ভারতের www.commerce.gov.in, শ্রীলঙ্কার www.commerce.gov.lk ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। তাছাড়া WTO Tariff Analysis Online (TAO) এর <https://tao.wto.org/> ওয়েবসাইট অনুসরণ করে শুল্ক সুবিধার তথ্য পাওয়া যাবে। অধিকন্তু বাংলাদেশ ট্যারিফ কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগে যোগাযোগ করা যেতে পারে।



ওআইসিভুক্ত দেশসমূহের মধ্যে অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য চুক্তি (Trade Preferential System among the Member States of the OIC)

ইসলামী রাষ্ট্রসমূহের সংগঠন ইসলামী সম্মেলন সংস্থা বা OIC (Organisation of Islamic Cooperation) -এর সদস্যভুক্ত দেশসমূহের মধ্যে অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে ১৯৯১ সালে Trade Preferential System among OIC member countries (TPS-OIC) ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পন্ন হয়। ওআইসিভুক্ত দেশসমূহের মধ্যে আন্তঃবাণিজ্য বৃদ্ধি এই চুক্তির মূল উদ্দেশ্য। ২০০২ সালে ১০টি ওআইসিভুক্ত দেশ অনুসমর্থন করার পর এই চুক্তিটি কার্যকর হয়। এ পর্যন্ত ৩০টি সদস্য দেশ এই চুক্তিতে স্বাক্ষর এবং ২৫টি দেশ অনুসমর্থন করেছে। এই চুক্তি কার্যকর করার লক্ষ্যে পরবর্তিতে ২০১১ সালে শুল্ক হ্রাসের পূর্নাঙ্গ একটি সমঝাবদ্ধ কর্ম পরিকল্পনা সম্বলিত Protocol on Preferential Tariff Scheme (PRETAS) এবং Rules of Origin চূড়ান্ত করা হয়।

টিপিএস ওআইসি এর অধীনে আমদানি/রপ্তানির সুবিধাসমূহ :

- ৫৭টি মুসলিম দেশের একে অপরের সাথে শুল্ক সুবিধায় পণ্য আমদানি ও রপ্তানির পথ সুগম হয়েছে;

- বাংলাদেশের রপ্তানি খাতের অনেক পণ্যের প্রয়োজনীয় কাঁচামাল শুল্কমুক্ত সুবিধা বা কম শুল্কহারে ওআইসিভুক্ত অন্য দেশসমূহ হতে আমদানি করা যাবে।

টিপিএস ওআইসি এর শুল্ক হ্রাস প্রক্রিয়া:

(ক) চুক্তিভুক্ত প্রতিটি দেশ মোট ট্যারিফ লাইনের ৭% পণ্য শুল্ক হ্রাস প্রক্রিয়ার আওতায় আনবে। তবে কোন দেশের মোট ট্যারিফ লাইনের ৯০% অথবা তদুর্ধ্ব পণ্যের বেস রেট যদি ০% এবং ১০%-এর মধ্যে থাকে তাহলে তারা মোট ট্যারিফ লাইনের ১% পণ্য শুল্ক হ্রাস প্রক্রিয়ার আওতায় আনবে।

(খ) সদস্য দেশসমূহের শুল্ক হ্রাস প্রক্রিয়া নিম্নরূপঃ

- (১) যে সব পণ্যের শুল্কহার ২৫%-এর উর্ধ্বে সেসব পণ্যের শুল্কহার ২৫% এ হ্রাস করা হবে;
- (২) যে সব পণ্যের শুল্কহার ১৫%-থেকে ২৫% এর মধ্যে সে সব পণ্যের শুল্কহার ১৫% এ হ্রাস করা হবে; এবং
- (৩) যে সব পণ্যের শুল্কহার ১০%-এর উর্ধ্ব থেকে ১৫% পর্যন্ত সে সব পণ্যের শুল্কহার ১০%-এ কমিয়ে আনা হবে।

(গ) স্বল্পোন্নত দেশসমূহ ৬ (ছয়) বছরের মধ্যে এবং অ-স্বল্পোন্নত (Non-LDC) দেশসমূহ ৪ (চার) বছরের মধ্যে এ শুল্ক হ্রাস প্রক্রিয়া সম্পন্ন করবে।

(ঘ) যে কোন সদস্য দেশ কর্তৃক স্বেচ্ছায় ফাস্ট ট্র্যাক প্রক্রিয়ায় শুল্ক কমানোর সুযোগ রয়েছে।

(ঙ) শুল্ক হ্রাসের আওতাভুক্ত পণ্যের ক্ষেত্রে কোন নতুন শুল্ক আরোপ অথবা শুল্ক বৃদ্ধি করা যাবে না।

(চ) প্যারা-ট্যারিফ ও নন-ট্যারিফ বাঁধাসমূহ দূরীকরণ/কমানোর ব্যবস্থা আছে।

টিপিএস ওআইসি শুল্ক সুবিধার আওতায় অফার তালিকা:

বাংলাদেশের অফার তালিকায় ৫১৪টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে। এ তালিকাভুক্ত পণ্যসমূহ চুক্তি অনুসমর্থনকারী TPS-OIC ভুক্ত দেশসমূহ হতে বাংলাদেশে কম শুল্কে আমদানি করা যাবে। চুক্তিভুক্ত দেশে তাদের অফার তালিকাভুক্ত পণ্যসমূহ বাংলাদেশ হতে হ্রাসকৃত শুল্ক হারে রপ্তানি করা যাবে।

টিপিএস ওআইসি রুলস অব অরিজিন:

TPS-OIC -এর আওতায় শুল্ক সুবিধার পাওয়ার জন্য স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশের ক্ষেত্রে মূল্য সংযোজন হার ৩০% হতে হবে।

টিপিএস ওআইসি এর সুবিধা নেয়ার জন্য প্রয়োজনীয় সনদসমূহ:

টিপিএস-ওআইসি এর অধীনে বাংলাদেশ হতে রপ্তানির জন্য রুলস অফ অরিজিন এর শর্তানুযায়ী Country of Origin (CoO) এর প্রমাণক হিসেবে রপ্তানি উন্নয়ন বুরো (ইপিবি) হতে রপ্তানিকারককে CoO সনদ গ্রহণ করতে হবে।

উৎসসমূহঃ

টিপিএস-ওআইসি এর বিভিন্ন তথ্য <http://www.comcec.org/en/cooperation-areas/trade/trade-preferential-system-among-the-member-states-of-the-oic/> ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয়রে ওয়েবসাইট www.mincom.gov.bd, ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। তাছাড়া WTO Tariff Analysis Online (TAO) এর <https://tao.wto.org/> ওয়েবসাইট অনুসরণ করে শুল্ক সুবিধার তথ্য পাওয়া যাবে। অধিকন্তু বাংলাদেশ ট্যারিফ কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগে যোগাযোগ করা যেতে পারে।



উন্নয়নশীল আটটি দেশের মধ্যে অগ্রাধিকার ভিত্তিক বাণিজ্য চুক্তি (D-8 Preferential Trade Agreement)

১৯৯৭ সালের ১৫ই জুন তারিখে তুরস্কের ইস্তাভুলে ওআইসিভুক্ত আটটি মুসলিম দেশ মিলিত হয়ে বাণিজ্যিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে একটি জোট গঠনের জন্য একাত্মতা প্রকাশ করে। বাংলাদেশ, মিশর, ইন্দোনেশিয়া, ইরান, মালয়েশিয়া, নাইজেরিয়া, পাকিস্তান এবং তুরস্কের সমন্বয়ে D-8 জোটটি গঠিত। এরই ধারাবাহিকতায় ১৩ মে, ২০০৬ তারিখে ইন্দোনেশিয়ায় ডি-৮ বাণিজ্য চুক্তি (D-8 PTA Preferential Trade Agreement) স্বাক্ষরিত হয়। গত ২৫ শে আগষ্ট ২০১১ তারিখে ডি-৮ পিটিএ কার্যকর হয়। বাংলাদেশ ২০১৭ সালে এটি অনুসমর্থন করেছে। উল্লেখ্য, এই চুক্তিতে বাংলাদেশ একমাত্র স্বল্পোন্নত দেশ।

ডি-৮ পিটিএ এর অধীনে বাণিজ্য সুবিধাসমূহ:

- চুক্তিভুক্ত ৮টি দেশের সাথে শুল্ক সুবিধা নিয়ে পণ্য রপ্তানির পথ সুগম হয়েছে;
- বাংলাদেশের রপ্তানি খাতের এবং স্থানীয় শিল্পের অনেক পণ্যের প্রয়োজনীয় কাঁচামাল শুল্কমুক্ত সুবিধা বা কম শুল্কহারে এ দেশসমূহ হতে আমদানি করা যাবে।

ডি ৮ এর শুল্ক হ্রাস প্রক্রিয়া :

চুক্তির আওতায় শুল্ক হ্রাস কর্মসূচি নিম্নরূপ প্রক্রিয়ায় বাস্তবায়িত হবে :

- (ক) যে সব পণ্যের ট্যারিফ রেট ১০% এর উর্ধ্বে আছে সে সব পণ্যের (ট্যারিফ লাইনের) ৮% পণ্য শুল্ক হ্রাস প্রক্রিয়ার আওতায় আসবে।
- (খ) যে সব পণ্যের শুল্কহার ১০%-এর উর্ধ্বে সে সকল পণ্যের শুল্ক নিম্নের প্রক্রিয়ায় কমবেঃ
 - i) যে সব পণ্যের শুল্কহার ২৫%-এর উর্ধ্বে সেসব পণ্যের শুল্কহার ২৫% নামিয়ে আনা হবে;

ii) যে সব পণ্যের শুল্ক হার ১৫%-এর উর্ধ্বে কিন্তু ২৫% বা এর নিম্নে সে সব পণ্যের শুল্কহার ১৫% এ কমিয়ে আনা হবে; এবং

iii) যে সব পণ্যের শুল্কহার ১০%-এর উর্ধ্বে কিন্তু ১৫% বা এর নিম্নে সেসব পণ্যের শুল্কহার ১০%-এ কমিয়ে আনা হবে।

(গ) স্বল্পোন্নত দেশসমূহ আটটি বার্ষিক কিস্তিতে এবং অস্বল্পোন্নত দেশসমূহ চারটি বার্ষিক কিস্তিতে শুল্কহার হ্রাসের কর্মসূচি সম্পন্ন করবে।

(ঘ) যে সকল পণ্য শুল্কহ্রাস কর্মসূচির অন্তর্ভুক্ত সে সকল পণ্যের ক্ষেত্রে সুপারভাইজরি কমিটির অনুমোদন ব্যতীত শুল্কহার বৃদ্ধি করা যাবে না।

(ঙ) প্যারা-টারিফ ও নন-টারিফ বাধা কমানো/দূরীকরণের বিধান এ চুক্তিতে রয়েছে।

ডি ৮ এর শুল্ক সুবিধার আওতায় অফার তালিকা :

ডি ৮ পিটিএর অধীনে বাংলাদেশের ন্যাশনাল ট্যারিফ লাইন অনুসারে অফার তালিকা প্রণয়ন করা হয়েছে। এই তালিকায় ৩৫৩ টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে। এ তালিকার পণ্যসমূহ কম শুল্কে বাংলাদেশে আমদানি করা যাবে এবং অন্যান্য দেশের প্রদত্ত অফার তালিকা অনুসরণ করে বাংলাদেশ হতে পণ্য রপ্তানি করলে সেই দেশে শুল্ক সুবিধা প্রাপ্ত হবে। ডি-৮ পিটিএ বাণিজ্য চুক্তিতে সদস্য দেশসমূহের অফার তালিকায় পণ্য সংখ্যা নিম্নরূপ:

সারণি ৪: ডি-৮ পিটিএর অধীনে বিভিন্ন দেশের অফার তালিকা

দেশসমূহ	পণ্য সংখ্যা
বাংলাদেশ	৩৫৩
মিশর	৮৪
ইন্দোনেশিয়া	৮৭
ইরান	১২২
মালয়েশিয়া	২১৫
নাইজেরিয়া	২২৯
পাকিস্তান	২৪৪
তুরস্ক	৭৩

উৎস: ডি-৮ সচিবালয়

ডি ৮ পিটিএ এর রুলস অব অরিজিন:

ডি-৮ পিটিএ এর আওতায় শুল্ক সুবিধা প্রাপ্তির লক্ষ্যে মূল্য সংযোজন হার নির্ধারিত হয়েছে ৪০%। স্বল্পোন্নত দেশের জন্য রুলস অব অরিজিন এ মূল্য সংযোজন এর মাত্রার বিশেষ সুবিধা এই চুক্তিতে নেই। বাংলাদেশ ২০১৭ সালে ডি-৮ পিটিএ রুলস অব অরিজিন অনুসমর্থন করেছে। ফলে বাংলাদেশ হ'তে ৪০% মূল্য সংযোজন করে হ্রাসকৃত শুল্ক হারে সদস্য দেশসমূহ পণ্য রপ্তানি করা যাবে।

ডি ৮ এর পিটিএ তে শুল্ক সুবিধা নেয়ার জন্য প্রয়োজনীয় সনদসমূহ:

ডি-৮ পিটিএ এর অধীনে বাংলাদেশ হতে রপ্তানির জন্য রুলস অফ অরিজিন এর শর্তানুযায়ী Country of Origin (CoO) সনদ রপ্তানি উন্নয়ন বুরো (ইপিবি) হতে রপ্তানিকারককে গ্রহণ করতে হবে।

উৎসসমূহঃ

ডি-৮ পিটিএ এর আওতায় বাংলাদেশসহ বিভিন্ন দেশের অফার তালিকার জন্য www.developing8.org ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mincom.gov.bd এবং মালয়েশিয়ার www.miti.gov.my/index.php/pages/view/372, <https://aric.adb.org/fta/preferential-tariff-arrangement-group-of-eight-developing-countries> ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। তাছাড়া WTO Tariff Analysis Online (TAO) এর <https://tao.wto.org/> ওয়েবসাইট অনুসরণ করে শুল্ক সুবিধার তথ্য পাওয়া যাবে। অধিকতর বাংলাদেশ ট্যারিফ কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগে যোগাযোগ করা যেতে পারে।



বে অফ বেঙ্গাল ইনিসিয়েটিভ ফর মাল্টি-সেক্টরাল টেকনিক্যাল এন্ড ইকনমিক কো-অপারেশন মুক্ত বাণিজ্য চুক্তি
(Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation Free Trade Agreement)

বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলংকা, থাইল্যান্ড, নেপাল এবং ভূটানের সমন্বয়ে The Bay of Bengal Initiative for Multi-sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) নামক আঞ্চলিক অর্থনৈতিক জোট গঠিত। বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলংকা ও থাইল্যান্ডের আদ্যক্ষরের সমন্বয়ে প্রথমে ১৯৯৭ সালে BIMST Economic Co-operation বা BIMSTEC গঠিত হয়। পরবর্তীতে নেপাল ও ভূটান এ জোটে যোগদান করলে নাম পরিবর্তন করে The Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation (BIMSTEC) করা হয়। এ জোটের আওতায় একটি মুক্ত বাণিজ্য এলাকা গঠনের লক্ষ্যে ফেব্রুয়ারি ২০০৪ সময়ে একটি ফ্রেমওয়ার্ক চুক্তি স্বাক্ষরিত হয়। কিন্তু সংশ্লিষ্ট চুক্তি ও প্রটোকলসমূহ চূড়ান্ত ও স্বাক্ষরিত না হওয়ায় এই চুক্তিটি অদ্যাবধি কার্যকর হয়নি। BIMSTEC সামিট ২০১৮ এর সিদ্ধান্তে BIMSTEC মুক্ত বাণিজ্য এলাকা চুক্তিটি ২০১৯ এর মধ্যে কার্যকর করার জন্য বিশেষভাবে তাগিদ দেয়া হয়েছে।

বিমসটেক এফটিএ এর অধীনে আমদানি/রপ্তানির সুবিধাসমূহ :

- আসিয়ানভুক্ত দেশ থাইল্যান্ড ও মিয়ানমারের সাথে শুল্কমুক্ত সুবিধা নিয়ে পণ্য রপ্তানি করা যাবে;
- বাংলাদেশের স্থানীয় শিল্পের ও রপ্তানি খাতের অনেক পণ্যের প্রয়োজনীয় কাঁচামাল শুল্কমুক্ত বা কম শুল্কহারে সদস্যদেশসমূহ হতে আমদানি করা যাবে।

- শুল্ক রহিত/ হ্রাসকরণে ৪টি পদ্ধতি (Fast Track Elimination, Normal Track Elimination, Normal Track Reduction এবং Negative List) প্রবর্তন করা হয়েছে।

বিমসটেক ট্রেড লিবারালাইজেশন প্রোগ্রাম:

বিমসটেক এফটিএ-এর আওতায় প্রত্যেকটি দেশ তার ট্যারিফ লাইনের ১০% পণ্য নেগেটিভ লিস্টে রাখতে পারবে অর্থাৎ এই সকল পণ্যের ক্ষেত্রে শুল্কমুক্ত সুবিধা প্রযোজ্য হবে না। অবশিষ্ট ৯০% পণ্যের শুল্ক হার ক্রমান্বয়ে হ্রাস করা হবে। বিমসটেক এফটিএ-এর আওতায় শুল্ক হ্রাস প্রক্রিয়া কার্যকর করার ক্ষেত্রে ফাস্ট ট্র্যাক (Fast Track) ও নরমাল ট্র্যাক (Normal Track) পদ্ধতি গ্রহণ করা হবে। ফাস্ট ট্র্যাক-এর আওতায় নির্বাচিত পণ্যসমূহের (ট্যারিফ লাইনের ১০%) ক্ষেত্রে উন্নয়নশীল দেশসমূহ (ভারত, শ্রীলংকা ও থাইল্যান্ড) স্বল্পোন্নত দেশসমূহ (বাংলাদেশ, মায়ানমার, ভুটান ও নেপাল) পণ্যের ০১ (এক) বছরের মধ্যে এবং উন্নয়নশীল দেশসমূহের পণ্যে ০৩ (তিন) বছরের মধ্যে শুল্ক হার শূন্য শতাংশে হ্রাস প্রক্রিয়া সম্পন্ন করবে। অন্যদিকে, ফাস্ট ট্রাকে স্বল্পোন্নত দেশসমূহকে উন্নয়নশীল দেশসমূহের পণ্যে ০৫ (পাঁচ) বছরের মধ্যে এবং স্বল্পোন্নত দেশসমূহের পণ্যের জন্য ০৩ (তিন) বছরের মধ্যে শুল্ক শূন্য শতাংশে হ্রাস প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নরমাল ট্র্যাক এর আওতায় নির্বাচিত পণ্যসমূহের (ট্যারিফ লাইনের ৪৮% পণ্য) ক্ষেত্রে উন্নয়নশীল দেশসমূহ স্বল্পোন্নত দেশসমূহের জন্য ০৩ (তিন) বছরের মধ্যে এবং উন্নয়নশীল দেশসমূহের জন্য ০৫ (পাঁচ) বছরের মধ্যে শুল্ক শূন্য শতাংশে হ্রাস প্রক্রিয়া সম্পন্ন করবে। অপরদিকে, নরমাল ট্র্যাক এর আওতায় স্বল্পোন্নত দেশসমূহ উন্নয়নশীল দেশসমূহের জন্য ১০ (দশ) বছরের মধ্যে এবং স্বল্পোন্নত দেশসমূহের জন্য ০৮ (আট) বছরের মধ্যে শুল্ক শূন্য শতাংশে হ্রাস প্রক্রিয়া সম্পন্ন করবে।

বিমসটেক-এফটিএ ট্যারিফ সিডিউল :

বিগত ১৮-১৯ নভেম্বর ২০১৮-তে অনুষ্ঠিত ২১তম বিমসটেক টিএনসি (Trade Negotiating Committee)- এর সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক সদয় দেশ এইচএস ২০১৭-এর আলোকে Fast Track Elimination ১০% ; Normal Track Elimination ৪৮%, Normal Track Reduction ১৯% এবং Negative List ২৩% এর ভিত্তিতে ট্যারিফ সিডিউল সংশোধন করে অন্যান্য সদস্য দেশসমূহের মধ্যে বিতরণ করবে।

সারণি ৫: বিমসটেক-এফটিএ এর বাংলাদেশের ট্যারিফ সিডিউল

বিবরণ	২১ তম সভার পর শুল্কমুক্ত/হ্রাস	
	শতকরা হার (%)	পণ্য সংখ্যা (টি)
i. Fast Track (FT) List	১০	৫০৫
ii. Normal Track Lists:	৬৭	৩,৩৮৫
a. Normal Track Reduction (NTR) List	১৯	৯৬৯
b. Normal Track Elimination (NTE) List	৪৮	২,৪১৬
iii. Negative List (NL)	২৩	১,১৬২
মোট		৫০৫২

বিমসটেক রুলস অব অরিজিন:

বিমসটেক রুলস অফ অরিজিন এর শর্ত পরিপালন সাপেক্ষে বাংলাদেশে উৎপাদিত ও রপ্তানিকৃত পণ্যের জন্য Country of Origin (CoO) সনদ ইস্যু করা হবে। সেনসেটিভ তালিকা বহির্ভূত পণ্যসমূহ রপ্তানিতে রুলস অব অরিজিনের শর্তানুযায়ী স্বল্পোন্নত দেশ হিসেবে মূল্য সংযোজন হার ৩০% এর শর্ত পূরণ করলে বাংলাদেশ হতে রপ্তানি পণ্যের জন্য শুল্ক সুবিধা পাওয়া যাবে। অ-স্বল্পোন্নত (non-LDC) দেশের জন্য মূল্য সংযোজনের হার হতে হবে ৪০%। তবে ১৪৭ টি পণ্যের ক্ষেত্রে Product Specific Rules-এর বিধান অনুযায়ী ট্যারিফ হেড বা সাব হেড পরিবর্তন ও নির্দিষ্ট হারে মূল্য সংযোজিত হলে শুল্ক সুবিধা পাওয়া যাবে।

বিমসটেক সুবিধা নেয়ার জন্য প্রয়োজনীয় সনদসমূহ:

বাংলাদেশ হতে রপ্তানির জন্য রুলস অফ অরিজিন এর শর্তানুযায়ী Country of Origin (CoO) এর সনদ রপ্তানি উন্নয়ন বুরো (ইপিবি) হতে রপ্তানিকারককে গ্রহণ করতে হবে।

উৎসসমূহ:

বিমসটেক এর আওতায় বিভিন্ন তথ্য <https://bimstec.org/secretariat/> ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে। এছাড়া বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mincom.gov.bd অনুসরণ করা যেতে পারে। তাছাড়া বিমসটেক এফটিএ চুক্তি কার্যকরী হওয়ার পর WTO Tariff Analysis Online (TAO) এর <https://tao.wto.org/> ওয়েবসাইট থেকে শুল্ক সুবিধা সংক্রান্ত তথ্য পাওয়া যাবে। অধিকন্তু বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ট্যারিফ কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তিসমূহ :

আঞ্চলিক ভিত্তিতে বাংলাদেশ একাধিক আঞ্চলিক মুক্ত ও অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির সদস্য হলেও এ পর্যন্ত কোন দ্বিপাক্ষিক মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেনি। ইরানের সাথে বাংলাদেশের একটি শুল্ক সুবিধা বিনিময় সংক্রান্ত দ্বিপাক্ষিক অগ্রাধিকারমূলক চুক্তি (Preferential Trade Agreement) রয়েছে। কিন্তু প্রয়োজনীয় প্রটোকল চূড়ান্ত হয়নি বিধায় এটি কার্যকর নয়। তবে বাংলাদেশ এ পর্যন্ত ৪৫ টি দ্বি-পাক্ষিক বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে (সারণি – ৬ দৃষ্টব্য)। এসব চুক্তি মূলতঃ গুডউইল ধরনের চুক্তি যাতে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে সহযোগিতা বৃদ্ধি, তথ্য বিনিময়, অশুল্ক বাধা দূরীকরণে প্রচেষ্টা গ্রহণ, যৌথ কমিশন গঠনের মাধ্যমে বাণিজ্য সহযোগিতা বৃদ্ধি, ব্যবসায়ীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ সম্প্রসারণ, ইত্যাদি বিষয় বর্ণিত আছে। স্বাক্ষরিত এসকল চুক্তিসমূহে শুল্ক সুবিধা বিনিময়ের কোন বিধান নেই।

সারণি ৬: বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তিসমূহ

ক্রমিক নং	দক্ষিণ এশিয়া	এশিয়ান এলাকা (দক্ষিণ এশিয়া ব্যতীত)	আফ্রিকান এলাকা	ইউরোপ এলাকা	অন্যান্য
১	ভুটান	ইরাক	জিম্বাবুয়ে	পোল্যান্ড	ব্রাজিল
২	নেপাল	ইরান	জাম্বিয়া	হাংগেরী	আলবেনিয়া
৩	ভারত	ইন্দোনেশিয়া	উগান্ডা	জার্মানি	উজবেকিস্তান
৪	পাকিস্তান	চীন	সুদান	চেক রিপাবলিক	ইউক্রেন
৫	শ্রীলংকা	কম্বোডিয়া	সেনেগাল	বুলগেরিয়া	
৬		কোরিয়া	মরক্কো	রুম্যানিয়া	
৭		কুয়েত	লিবিয়া	বেলারুশ	
৮		মিয়ানমার	কেনিয়া		
৯		ফিলিপাইন	আলজেরিয়া		
১০		থাইল্যান্ড	আফ্রিকা		
১১		তুরস্ক	মালি		
১২		ভিয়েতনাম			
১৩		আরব আমিরাত			
১৪		মালয়েশিয়া			

উৎসসমূহ: বাংলাদেশ ট্রেড পলিসি রিভিউ-২০১২

পরিশিষ্ট ১: এক নজরে বিভিন্ন দেশের সাথে বাংলাদেশের আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ

দেশসমূহ	আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ				
১ আফগানিস্তান	SAFTA ¹				TPS OIC ²
২ আলবেনিয়া					TPS-OIC
৩ আলজেরিয়া					TPS-OIC
৪ আজারবাইজান					TPS-OIC
৫ বাহরাইন					TPS-OIC
৬ বাংলাদেশ	SAFTA	BIMSTEC-FTA ₃	APTA ⁴	D8 PTA ⁵	TPS OIC
৭ বেনিন					TPS-OIC
৮ ভুটান	SAFTA	BIMSTEC-FTA ₃			
৯ ব্রুনাই দারুস সালাম					TPS-OIC
১০ বুরকানো ফাসো					TPS-OIC
১১ ক্যামেরুন					TPS-OIC
১২ চাদ					TPS-OIC
১৩ চীন			APTA		
১৪ ক্যামারুস					TPS_OIC
১৫ জিবুতি					TPS_OIC
১৬ মিশর				D8 PTA	TPS_OIC
১৭ গ্যাবন					TPS_OIC
১৮ গাম্বিয়া					TPS_OIC
১৯ গায়ানা					TPS_OIC
২০ গিনি বিসাঁউ					TPS_OIC
২১ ভারত	SAFTA	BIMSTEC-FTA	APTA		
২২ ইন্দোনেশিয়া				D8 PTA	TPS-OIC
২৩ ইরান				D8 PTA	TPS_OIC
২৪ ইরাক					TPS_OIC
২৫ জর্ডান					TPS_OIC
২৬ কাজাকিস্তান					TPS_OIC
২৭ কুয়েত					TPS_OIC
২৮ কিরগিস্তান					TPS_OIC
২৯ লাও পিডিআর			APTA		

দেশসমূহ	আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ		
৩১	লেবানন		TPS_OIC
৩২	লিবিয়া		TPS_OIC
৩২	মালয়েশিয়া		D8 PTA
৩৩	মালদ্বীপ	SAFTA	TPS_OIC
৩৪	মালি		TPS_OIC
৩৫	মৌরিতানিয়া		TPS_OIC
৩৬	মংগোলিয়া		APTA
৩৭	মরক্কো		TPS_OIC
৩৮	মোজাম্বিক		TPS_OIC
৩৯	মিয়ানমার	BIMSTEC-FTA	
৪০	নেপাল	SAFTA	BIMSTEC-FTA
৪১	নাইজার		TPS_OIC
৪২	নাইজেরিয়া		D8 PTA
৪৩	ওমান		TPS_OIC
৪৪	পাকিস্তান	SAFTA	D8 PTA
৪৫	প্যালেস্টাইন		TPS_OIC
৪৬	কাতার		TPS_OIC
৪৭	সৌদি আরব		TPS_OIC
৪৮	সেনেগাল		TPS_OIC
৪৯	সিয়েরা লিয়ন		TPS_OIC
৫০	সোমালিয়া		TPS_OIC
৫১	দক্ষিণ কোরিয়া		APTA
৫২	শ্রীলংকা	SAFTA	BIMSTEC-FTA
৫৩	সুদান		TPS_OIC
৫৪	সুরিনাম		TPS_OIC
৫৫	সিরিয়া		TPS_OIC
৫৬	তাজাকিস্থান		TPS_OIC
৫৭	থাইল্যান্ড	BIMSTEC-FTA	
৫৮	টগো		TPS_OIC
৫৯	তিউনিশিয়া		TPS_OIC
৬০	তুরস্ক		D8 PTA
৬১	তুরকেমিনিস্তান		TPS_OIC

দেশসমূহ	আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ
৬২ উগান্ডা	TPS_OIC
৬৩ সংযুক্ত আরব আমিরাত	TPS_OIC
৬৪ উজবেকিস্তান	TPS_OIC
৬৫ ইয়েমেন	TPS_OIC

উৎস: বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্তৃক সংকলিত

Note :

SAFTA¹ = South Asia Free Trade Area;

TPS OIC² = Trade Preferential System among the Member States of the OIC

BIMSTEC-FTA³ = The Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) Free Trade Area

APTA⁴ = Asia-Pacific Trade Agreement

D8 PTA⁵ = Preferential Tariff Arrangement-Group of Eight Developing Countries (PTA-D8)

,

পরিশিষ্ট ২ : আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহের রুলস অব অরিজিন ও প্রয়োজনীয় সনদসমূহ

আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহ	মূল্য সংযোজন হার		সনদসমূহ
	একক দেশভিত্তিক (স্বল্পোন্নত দেশ)	রিজিওনাল ** কিউমিলেশন	
SAFTA	৩০% + CTH ¹	৫০% + CTH	SAFTA এবং APTA ভুক্ত সদস্য দেশসমূহের জন্য রুলস অব অরিজিনের শর্ত মোতাবেক বাংলাদেশের পণ্য প্রমাণকের জন্য EPB (Export Promotion Bureau) হতে Country of Origin (CoO) সার্টিফিকেট প্রদান করা হয়ে থাকে। অন্যান্য আঞ্চলিক বাণিজ্য চুক্তিসমূহের আওতায় শুল্ক সুবিধা নেয়ার জন্যও EPB হতে CoO নেয়ার প্রয়োজন হবে।
BIMSTEC	৩০%	৩০% CTSH	
APTA	৩৫%	৫০%	
D8 PTA	৪০%	৪০%	
TPS OIC	৩০%	৩০%	

- 1) CTH = Change of Tariff Heading
- 2) CTSH* = Change of Tariff Sub Heading

পরিশিষ্ট ৩ : সাফটা চুক্তিভুক্ত দেশসমূহে বাংলাদেশ হতে এইচএসকোড ভিত্তিক শীর্ষ ১০ (দশ)টি রপ্তানি পণ্যসমূহ

দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুল্কমুক্ত বা কম শুল্ক সুবিধা (হ্যাঁ/না)
ভারত	53031000	Jute and other textile bast fibres .	হ্যাঁ
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	হ্যাঁ
	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	15159000	Other fixed vegetable fats & oils (including jojoba oil) & their fractions, whether or not refined, but not chemically modified, n.e.s.	হ্যাঁ
	78019900	Unwrought lead (excluding refined lead) other than those of subheading 7801.91.	হ্যাঁ
	53072000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, multiple (folded) or cabled.	হ্যাঁ
	53101000	Woven fabrics of jute or of other textile bast fibres of heading 53.03, unbleached.	হ্যাঁ
	63051000	Sacks And Bags, Used For Packing Goods, Of J	হ্যাঁ
	63109000	Used or new rags, scrap twine, cordage, rope & cables & worn out articles of twine, cordage, rope or cables, of textile materials, unsorted.	হ্যাঁ
	27101232	Naphtha, TV	হ্যাঁ
শ্রীলংকা	84592900	Drilling machines, not numerically controlled, other than way-type unit head machines.	হ্যাঁ
	30049099	Other(excl.anti-malaria, anti-TB, anti-lepro	হ্যাঁ
	07019019	Other Potatoes, Fresh, Nes	হ্যাঁ
	30049010	Medicinal solutions (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for retail sale.	হ্যাঁ
	85071000	Lead-acid electric accumulators for starting piston engines.	না
	30039099	Other medicaments with >=2 constituents, not	হ্যাঁ
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	হ্যাঁ
	30041000	Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) containing pencillin or stoptomycins or their derivatives, consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for	হ্যাঁ
	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ

देश	एचएस कोड	पण्येर वर्गना	शुक्कमुक्त वा कम शुक्क सुविधा (हौ/ना)
	30022000	Vaccines for human medicine.	हौ
मालदीप	22021000	Waters (Incl. Mineral And Aerated), With Add	हौ
	24029000	Cigars, cigarillos, cigarettes, etc, not con	हौ
	19019010	Racahout, a food preparation composed of rice flour, various starches, flour of sweet acorns, sugar & cocoa powder, flavoured with vanilla.	हौ
	61091000	T-shirts, singlets & other vests, knitted or crocheted, of cotton.	हौ
	19049000	Cereals In Grain,Flakes,Worked Grains,Precoo	हौ
	30049099	Other(excl.anti-malaria, anti-TB, anti-lepro	हौ
	20093100	juice of any other single citrus fruit of a	हौ
	62034900	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of textile materials, othet than wool, fine animal hair, cotton & synthetic fibres.	हौ
	03021110	Fresh Or Chill. Trout (Excl. Livers & Roes)	हौ
	22021000	Waters (Incl. Mineral And Aerated), With Add	ना
नेपाल	53031000:	Jute and other textile bast fibres, raw or r	ना
	20099000:	Mixtures Of Juices,Unfermented,Not Cont. Add	ना
	10063000	Semi-milled or wholly milled rice, whether or not polished or glazed.	हौ
	20029000	Tomatoes,Oth.Than Whole Or Pieces Preserved	हौ
	85072000	Lead-acid electric accumulators, other than of a kind used for starting piston engines.	ना
	07109019	Mixture of vegetables wrapped/canned upto 2.5 kg	हौ
	22021000	Waters (Incl. Mineral And Aerated), With Add	हौ
	30049099	Other(excl.anti-malaria, anti-TB, anti-lepro	हौ
	20089900	Fruit, nuts & other edible parts of plants otherwise prepared or preserved, whether or not containing added sugar or other sweetening matter or spirit, n.e.s.	ना
	85071000.	Lead-acid electric accumulators for starting piston engines.	ना
पाकिस्तान	53031000	Jute and other textile bast fibres, raw or r	हौ
	24012000.	Unmanufactured tobacco, partly or wholly stemmed / stripped.	हौ
	09024000	Other black tea (fermented) & other partly fermented tea, whether or not flavoured.	ना
	28470000	Hydrogen peroxide, whether or not solidified with urea.	हौ

দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুল্কমুক্ত বা কম শুল্ক সুবিধা (হ্যাঁ/না)
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	হ্যাঁ
	63109000	Used or new rags, scrap twine, cordage, rope & cables & worn out articles of twine, cordage, rope or cables, of textile materials, unsorted.	হ্যাঁ
	63101000	Used or new rags, scrap twine, cordage, rope & cables & worn out articles of twine, cordage, rope or cables, of textile materials, sorted.	হ্যাঁ
	96071900	Slide fasteners other than those fitted with chain scoops of base metal.	হ্যাঁ
	82129000	Parts of non-electric razors, of base metal other than blades or blade blanks in strips.	হ্যাঁ
	52094200	Woven fabrics of cotton of yarns of different colours, denim, containing 85 % or more by weight of cotton, weighing more than 200 g/m2.	হ্যাঁ
ভুটান	19059000	Pastry, Cakes, Other Bread, Etc, Nes; Communion	হ্যাঁ
	20098900	Juice of any other single fruit or vegetable	না
	39241000	Tableware And Kitchenware Of Plastics	হ্যাঁ
	22029000	Other Non-Alcoholic Beverages, Nes	না
	62071100	Men's or boys' underpants & briefs, not knitted or crocheted, of cotton.	না
	10063010	Semi-Milled Or Wholly Milled Rice	হ্যাঁ
	76101000	Doors, Windows And Their Frames And Threshold	
	62104000	Men's or boys' garments made up of fabrics of headings 59.03, 59.06 or 59.07, n.e.s.	
	20093100	Juice of any other single citrus fruit of a Sweet biscuits.	
	19053100		
আফগানিস্তান	30041000	Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) containing penicillin or streptomycins or their derivatives, consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for;	হ্যাঁ
	30032000	Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) containing other antibiotics, consisting of two or more constituents which have been mixed together for therapeutic or prophylactic uses,	হ্যাঁ

দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুল্কমুক্ত বা কম শুল্ক সুবিধা (হ্যাঁ/না)
	30042010 30049010	not put up in measured doses or in forms or packings; Other(excl.anti-malaria, anti-TB, anti-lepro; Mycophenolate mofetil, mycophenolate sodium, Medicinal solutions (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for retail sale.	হ্যাঁ
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single;	হ্যাঁ
	85071000	Lead-acid electric accumulators for starting piston engines;	হ্যাঁ
	30067000	Gel preparations designed to be used in human or veterinary medicine as a lubricant for parts of the body for surgical operations or physical examinations or as a coupling agent between the body & medical instruments;	হ্যাঁ

পরিশিষ্ট ৪ : আপটা চুক্তিভুক্ত দেশসমূহে বাংলাদেশ হতে এইচএসকোড ভিত্তিক শীর্ষ ১০ (দশ) রপ্তানি

পণ্যসমূহ

দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুদ্ধ সুবিধাভুক্ত (হ্যাঁ / না)
দক্ষিণ কোরিয়া	61091000	T-shirts, singlets & other vests, knitted or crocheted, of cotton.	না
	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	64041900	Footwear, (excluding sports footwear), with outer soles of rubber or plastics & uppers of textile materials.	হ্যাঁ
	41044900	Tanned or crust hides & skins of bovine (including buffalo) or equine animals, without hair on, in the dry state (crust) other than full grains, unsplit, grain splits.	হ্যাঁ
	62046200	Women's or girls' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	63062200	Tents of synthetic fibres.	হ্যাঁ
	61102000	Jerseys, pullovers, cardigans, waist-coats & similar articles, knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	62105000	Women's or girls' garments made up of fabrics of headings 59.03, 59.06 or 59.07, n.e.s.	হ্যাঁ
	62052000	Men's or boys' shirts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	61103000	Jerseys, pullovers, cardigans, waist-coats & similar articles, knitted or crocheted, of man-made fibres.	না
চীন	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	61091000	T-shirts, singlets & other vests, knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	না
	41131000	Leather further prepared after tanning or crusting, including parchment-dressed leather, of goats or kids, without wool or hair on, whether or not split, other than leather of heading 41.14.	হ্যাঁ
	42022900	Handbags, including those without handle, with outer surface of materials other than those in subheadings 4202.11 or 4202.12.	হ্যাঁ
	42033000	Belts & bandoliers of leather or of composition leather.	না
	42050090	Articles of leather or of composition leather, other than those in headings 42.01 to 42.04.	না
	90158090	Other Instruments And Appliances For Meteoro	হ্যাঁ
	39159000	Waste, parings & scrap, of plastics, n.e.s.	না
	62052000	Men's or boys' shirts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ

দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুল্ক সুবিধাভুক্ত (হ্যাঁ / না)
ভারত	53031000	Jute and other textile bast fibres, raw or r	না
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	না
	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	15159000	Other fixed vegetable fats & oils (including jojoba oil) & their fractions, whether or not refined, but not chemically modified, n.e.s.	না
	78019900	Unwrought lead (excluding refined lead) other than those of subheading 7801.91.	না
	53072000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, multiple (folded) or cabled.	না
	53101000	Woven fabrics of jute or of other textile bast fibres of heading 53.03, unbleached.	না
	63051000	Sacks And Bags, Used For Packing Goods, Of J	না
	63109000	Used or new rags, scrap twine, cordage, rope & cables & worn out articles of twine, cordage, rope or cables, of textile materials, unsorted.	না
	27101232	Naphtha, TV	না
শ্রীলংকা	84592900.	Drilling machines, not numerically controlled, other than way-type unit head machines.	না
	30049099	Other(excl.anti-malaria, anti-TB, anti-lepro	না
	07019019	Other Potatoes, Fresh, Nes	না
	30049010	Medicinal solutions (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for retail sale.	না
	85071000	Lead-acid electric accumulators for starting piston engines.	না
	30039099	Other medicaments with >=2 constituents, not	না
	53071000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, single.	না
	30041000	Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) containing pencillin or stroptomycins or their derivatives, consisting of mixed or unmixed products for therapeutic or prophylactic uses, put up in measured doses or in forms or packings for	না
	62034200	Men's or boys' trousers, bib & brace overalls, breeches & shorts, not knitted or crocheted, of cotton.	হ্যাঁ
	30022000	30022000: Vaccines for human medicine.	না
লাওস পিডিআর	30032000	30032000: Medicaments (excluding goods of headings 30.02, 30.05 or 30.06) containing other antibiotics, consisting of two or more constituents which have been mixed together for therapeutic or prophylactic uses, not put up in measured doses or in forms or packings	না
	30049099	Other (excl.anti-malaria, anti-TB, anti-lepro	না
	41079900	Other, including sides other than full grains, unsplite or grain splits leather further prepared after tanning or crusting of bovine (including buffalo) or equine animals, without hair on, other than leather of heading 41.14.	না

মংগোলিয়া	53072000	Yarn of jute or of other textile bast fibres of heading 53.03, multiple (folded) or cabled.	না
	30033990	Excl..Anti-malaria-TB-cancer...cardiovascula	না
	61082200	Women's or girls' briefs & panties, knitted or crocheted, of man-made fibres.	না
	61091000	T-shirts, singlets & other vests, knitted or crocheted, of cotton.	না
	62121000	Brassieres of textile materials, whether or not knitted or crocheted.	না
	64031900	Sports footwear, (excluding ski-boots, cross-country ski footwear & snowboard boots), with outer soles of rubber, plastics, leather or composition leather & uppers of leather.	না
	62029300	Women's or girls' anoraks (including ski-jackets), wind-cheaters, wind-jackets & similar articles, not knitted or crocheted, of man-made fibres.	না
	62103000	Women's or girls' overcoats, raincoats, car-coats, capes, cloaks & similar articles made up of fabrics of headings 59.03, 59.06 or 59.07.	না
	20098900	Juice of any other single fruit or vegetable	না
	17049000	Sugar confec.(incl.white chocolate), not.	না
দেশ	এইচএস কোড	পণ্যের বর্ণনা	শুল্ক সুবিধাভুক্ত (হ্যাঁ / না)
	62171000	Clothing Accessories, Nes	না